গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা

## রাজশাহী বিভাগের মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৩ জুন ২০২১ খ্রি: |
| সভার সময় | বেলা ০৩.৫০ ঘটিকা |
| স্থান | বিভাগীয় কমিশনার, রাজশাহীর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | . |

জুম সফটওয়ারের মাধ্যমে অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে রাজশাহী বিভাগের মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ সংক্রান্ত সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে এ বিভাগের প্রত্যেক জেলা হতে প্রাপ্ত মানসম্মত শিক্ষা, দুর্নীতি প্রতিরোধ ও জনসেবা সংক্রান্ত মাসিক প্রতিবেদন, শিক্ষা কার্যক্রম মনিটরিং এবং জেলা প্রশাসকগণের প্রমাপ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান দর্শন ও পরিদর্শন সংক্রান্ত বিষয় নিয়ে পর্যালোচনা করা হয়। করোনা প্রাদুর্ভাবের কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে সভার সদস্যবৃন্দ তাঁদের মতামত ব্যক্ত করেন। অত:পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:-

| ক্র. নং | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :**<br>সভাপতি গত ১৫মার্চ ২০২১ তারিখে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কিনা সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | গত ১৫ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) রাজশাহী |
| ২. | **পুর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার :**<br>গত ১৫ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে অনুষ্ঠিত সভায় ০৫টি সিদ্ধান্ত গৃহীত হয়। যার মধ্যে ৩টি সিদ্ধান্ত সম্পূর্ণরূপে বাস্তবায়িত হয়েছে। গৃহীত অপর ২টি সিদ্ধান্ত যথাক্রমে মানসম্মত শিক্ষা, দুর্নীতি প্রতিরোধ ও জনসেবা সংক্রান্ত মাসিক প্রতিবেদন ও জেলা প্রশাসকদের প্রমাপ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান দর্শন/পরিদর্শন। করোনা পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি অনুসরণ করে ও সামাজিক দূরত্ব বজায় রেখে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত থাকলেও তা বর্তমান করোনা মহামারির জন্য উদ্ভূত পরিস্থিতির কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় উক্ত সিদ্ধান্ত দুটি আংশিক বাস্তবায়ন হয়েছে মর্মে সংশ্লিষ্টদের থেকে জানা যায়। সিদ্ধান্ত বাস্তবায়ন হার ৯০%। | সিদ্ধান্ত বাস্তবায়ন হার বৃদ্ধি করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সকল<br>৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল<br>৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী |
| ৩. | **মানসম্মত শিক্ষা, জনগণের সেবা প্রদান নিশ্চিতকরণ এবং দুর্নীতি বিরোধী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে গৃহীত কার্যক্রমের একীভুত প্রতিবেদন:**<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগের ৮টি জেলা হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনসমূহ সভায় উপস্থাপন করেন। মাসিক প্রতিবেদনে মতবিনিময় সভা, সমাবেশ ও র‍্যালী, সেমিনার, গণসংযোগ, উঠান বৈঠক, হোম ভিজিট ইত্যাদি কার্যক্রমের সংখ্যা এ বিভাগের ৮টি জেলার মধ্যে চাঁপাইনবাবগঞ্জ ও জয়পুরহাট জেলা হতে করোনা ভাইরাস পরিস্থিতির কারণে মে/২০২১ মাসের শূন্য প্রতিবেদন পাওয়া যায়। | করোনা পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি অনুসরণ করে ও সামাজিক দূরত্ব বজায় রেখে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সকল |


| | | | |
|---|---|---|---|
| ৪. | **<u>শিক্ষা কার্যক্রম মনিটরিং:</u>**<br>বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা জানান যে, সংসদ টিভির মাধ্যমে ছাত্র/ছাত্রীদের পাঠদান কার্যক্রম অব্যাহত আছে এবং উক্ত কর্মসূচি নিয়মিত দেখার জন্য সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও শিক্ষকদের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। তিনি আরও বলেন, প্রাইমরি স্কুল গুলোতে ২, মে/২০২১ হতে ১ম-৫ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের ওয়ার্কশীট ও একটিভিটি শীট (অধ্যায় শেষে যে অনুশীলনী আছে) বা বাড়ীর কাজ সপ্তাহ ওয়ারী প্রদান করা হচ্ছে। যা প্রতিটা স্কুলের শিক্ষকগণ শিক্ষর্থীদের বাড়ীতে গিয়ে স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব মেনে বিতরণ করেছেন এবং মোবাইল ফোনের মাধ্যমে নির্দেশনা দিয়ে এমনকি প্রয়োজনে শিক্ষার্থীদের বাড়ীতে গিয়ে বুঝিয়ে দিয়ে (সপ্তাহ শেষে) পুনরায় বিদ্যালয়ে এনে মূল্যায়ন করে সংরক্ষণ করছেন। আর যে সমস্ত শিক্ষার্থী/অভিভাবকদের Android মোবাইল ফোন আছে তাদের Google meet এর মাধ্যমে ক্লাশ নেয়া হচ্ছে। এছাড়া পূর্বের ন্যায় অভিভাবকদের সাথে শিক্ষকরা মোবাইল ফোনের মাধ্যমে অথবা অন্য যেকোন উপায় নিয়মিত পাঠের অগ্রগতির বিষয় যোগাযোগ চালিয়ে যাচ্ছেন।<br><br>উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বলেন যে,করোনা পরিস্থিতিতে অত্র অঞ্চলের প্রায় ২৫৪৪টি প্রতিষ্ঠানে অন লাইনের মাধ্যমে শ্রেণি পাঠদান অব্যাহত রয়েছে। তিনি আরো জানান যে, গত বছর ছাত্রছাত্রীরা যে অ্যাসাইনমেন্ট জমা প্রদান করেছে তার ভিত্তিতে রোল নম্বর এর পজিশন ঠিক রাখা হলেও আগামী ২০২২ শিক্ষা বর্ষ হতে অ্যাসাইমেন্ট মূল্যায়ন করা হবে এবং সে অনুযায়ী শিক্ষার্থীদের রোল/ পজিশন তৈরি করা হবে। | ১। বিদ্যালয় থেকে প্রশ্নপত্র তৈরি করে শিক্ষার্থীদের কাছে পৌছানো এবং উত্তরপত্র মূল্যায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২।করোনা পরিস্থিতিতে শিক্ষার্থীদের অনলাইনে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এবং বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা কর্তৃক প্রেরিত প্রতিবেদনে অনলাইন শিক্ষা কার্যক্রমের অগ্রগতি জানাতে হবে। এ ক্ষেত্রে অনলাইন শিক্ষা কার্যক্রমের আওতাভুক্ত বিদ্যালয়ের সংখ্যাও উল্লেখ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সকল<br>৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল<br>৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী |

| ৫. | **শিক্ষা প্রতিষ্ঠান দর্শন/ পরিদর্শন:** অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) মন্ত্রিপরিষদ বিভাগের প্রমাপ অনুযায়ী জেলা প্রশাসকগণ ও অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ দর্শন ও পরিদর্শন কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গণের শিক্ষা প্রতিষ্ঠান দর্শন-পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদনের তথ্যচিত্র মে/২০২১ নিম্নরূপ: | করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি অনুসরণ করে ও সামাজিক দূরত্ব বজায় রেখে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সকল<br>৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সকল |
|---|---|---|---|

| জেলার নাম | জেলা প্রশাসক কর্তৃক | | অতি: জেলা প্রশাসক (সার্বিক) কর্তৃক | | অতি: জেলা প্রশাসক (শি:ও আ:) কর্তৃক | |
|---|---|---|---|---|---|---|
| | দর্শন (প্রমাপ | পরিদর্শন (প্রমাপ) | দর্শন (প্রমাপ | পরিদর্শন (প্রমাপ) | দর্শন (প্রমাপ | পরিদর্শন (প্রমাপ)) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| রাজশাহী | ০ (১) | ০ (১) | ০ (১) | ০ (২) | ০ (২) | ৪ (৪) |
| নাটোর | ০ (১) | ০ (১) | ০ (১) | ০ (২) | উভয় দায়িত্ব | |
| নওগাঁ | ০ (১) | ০ (১) | ০ (১) | ০ (২) | ৩(২) | ৪ (৪) |
| চাঁপাই নবাবগঞ্জ | ০ (১) | ০ (১) | ০ (১) | ০ (২) | ০ (২) | ০ (৪) |
| পাবনা | ০ (১) | ০ (১) | ০ (১) | ০ (২) | ০ (২) | ০ (৪) |
| সিরাজগঞ্জ | ০ (১) | ০ (১) | ০ (১) | ০ (২) | ০ (২) | ০ (৪) |
| বগুড়া | ০ (১) | ০ (১) | ০ (১) | ০ (২) | ২(২) | ৪ (৪) |
| জয়পুরহাট | ০ (১) | ০ (১) | ০ (১) | ০ (২) | উভয় দায়িত্ব | |
| মোট | ০০ | ০০ | ০০ | ০০ | ০৫ | ১২ |
| | | | | | | |

কোভিড-১৯ এর কারণে উদ্ভুত পরিস্থিতিতে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় ৫টি জেলা থেকে শূন্য প্রতিবেদন পাওয়া যায়।

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মো: হুমায়ুন কবীর
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.০৬.০০৩.২১.৫৬৭

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৮

২৮ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সদয় অবগতির জন্য)

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য))

৩) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

৪) উপ পরিচালক,, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী

৫) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী



এ. এন. এম. মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার